

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৪২৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০

২৮ নভেম্বর ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-১২০৪৬/২০২৩, ১০৮৯৬/২০২৩, ১২২৯৯/২০২৩, ১০৯৪৯/২০২৩ এবং ১১৯৯৪/২০২৩) পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদান/শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে তথ্য হালনাগাদকরণের জন্য নতুন পাসওয়ার্ড প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ/এনটিআরসিএ-এর প্রত্যয়ন জাল ও ভুয়া হওয়ায় থানায় মামলা দায়েরকরণ এবং এমপিও বন্ধকরণ/ জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	১১৯৯৪/২০২৩	গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন “ধাপাচিলা বালিকা উচ্চ বিদ্যালয়” এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।	জনাব মো: আসাদুজ্জামান সরকার, প্রধান শিক্ষক, ধাপাচিলা বালিকা উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ১০ (দশ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	১০৯৪৯/২০২৩	কোহিনুর জুট মিল উচ্চ বিদ্যালয়, ঘাগটিয়া, রায়পুর, নরসিংদী-এর শিক্ষক- কর্মচারীদের এমপিও এর অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে তথ্য হালনাগাদকরণের জন্য নতুন পাসওয়ার্ড প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ সংক্রান্ত।	জনাব আতিকুর রহমান, প্রধান শিক্ষক ও সদস্য সচিব, কোহিনুর জুট মিল উচ্চ বিদ্যালয়, ঘাগটিয়া, রায়পুর, নরসিংদী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৩ (তিন) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৩	১০৮৯৬/২০২৩	জনাব এ.বি.এম আমিনুল হদা, প্রধান শিক্ষক, ভাইজুরা জে.কে.এইচ (সেসিপ) মডেল মাধ্যমিক বিদ্যালয়, মঠবাড়িয়া, পিরোজপুর-এর বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।	জনাব এ.বি.এম আমিনুল হদা, প্রধান শিক্ষক, ভাইজুরা জে.কে.এইচ (সেসিপ) মডেল মাধ্যমিক বিদ্যালয়, মঠবাড়িয়া, পিরোজপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ১০ (দশ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪	১২০৪৬/২০২৩	জনাব মো: আলতাফ হোসেন, সহকারী শিক্ষক (জীববিজ্ঞান), দুবলাহাটা রাজা হরনাথ উচ্চ বিদ্যালয়, সদর, নওগাঁ-এর এনটিআরসিএ-এর প্রত্যয়ন জাল ও ভুয়া হওয়ায় তাঁর বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হতে থানায় মামলা দায়েরকরণ এবং এমপিও বন্ধকরণ সংক্রান্ত।	জনাব মো: আলতাফ হোসেন, সহকারী শিক্ষক (জীববিজ্ঞান), দুবলাহাটা রাজা হরনাথ উচ্চ বিদ্যালয়, সদর, নওগাঁ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৫ (পাঁচ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫	১২২৯৯/২০২৩	জনাব মো: ওবায়দুর রহমান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), হিজলডাঙ্গা শহীদ ফ্লাইট লে. মাসুদ মেমোরিয়াল কলেজ, কেশবপুর, যশোর-এর জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান সংক্রান্ত।	জনাব মো: ওবায়দুর রহমান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), হিজলডাঙ্গা শহীদ ফ্লাইট লে. মাসুদ মেমোরিয়াল কলেজ, কেশবপুর, যশোর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ১১ (এগারো) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-১২০৪৬/২০২৩, ১০৮৯৬/২০২৩, ১২২৯৯/২০২৩, ১০৯৪৯/২০২৩ এবং ১১৯৯৪/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২৮-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৪২৭/১(৩)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০


২৮ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ

সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা



২৮-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব